গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং- ৩৪.০০.০০০০.০৪১.১১.০১২.২৪.১১৮

তারিখ : ০৫ বৈশাখ ১৪৩১ / ১৮ এপ্রিল ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত নিয়োগযোগ্য ও জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৩তম, ১৬তম ও ২০তম গ্রেডভুক্ত নিম্নোক্ত শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://moys.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।**

| ক্র: নং | পদের নাম | বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | গ্রেড-১৩<br>টাকা ১১,০০০-২৬,৫৯০/- | ০৫ (পাঁচ) টি (রাজস্বখাতে স্থায়ী) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক বা সমমানের ডিগ্রী হতে হবে;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) প্রার্থীকে বাংলায় ২৫, ইংরেজিতে ২৫, গণিতে ২০ এবং সাধারণজ্ঞানে ২০সহ মোট ৯০ নম্বরের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(ঘ) সাঁটলিপিতে বাংলায় প্রতি মিনিটে ৪৫ শব্দ ও ইংরেজিতে ৭০ শব্দের গতি থাকতে হইবে;<br>(ঙ) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হইবে;<br>(চ) উপরে বর্ণিত বিষয়ে সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে সনদপত্র থাকতে হইবে। | ১) মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, মাগুরা, কুষ্টিয়া, বরিশাল, পিরোজপুর, এবং পটুয়াখালী জেলা;<br>**২)** তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২. | কম্পিউটার অপারেটর | গ্রেড-১৩<br>টাকা ১১,০০০-২৬,৫৯০/- | ০২ (দুই) টি (রাজস্বখাতে অস্থায়ী) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) প্রার্থীকে বাংলায় ২০, ইংরেজিতে ২০, গণিতে ২০ এবং কম্পিউটার বিষয়ক সাধারণজ্ঞানে ৩০সহ মোট ৯০ নম্বরের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হইতে হইবে। | |
| ০৩. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২,৪৯০/- | ০২ (দুই) টি (রাজস্বখাতে অস্থায়ী) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষা উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) প্রার্থীকে বাংলায় ২৫, ইংরেজিতে ২৫, গণিতে ২০ এবং সাধারণজ্ঞানে ২০সহ মোট ৯০ নম্বরের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হইবে। | |

**চলমান পাতা-২**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৪. | অফিস সহায়ক | গ্রেড-২০ টাকা ৮,২৫০-২০,০১০/- | ০৫ (পাঁচ) টি (রাজস্বখাতে স্থায়ী) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(খ) প্রার্থীকে বাংলায় ১০, ইংরেজিতে ১০, গণিতে ১০ এবং সাধারণজ্ঞানে ১০সহ মোট ৪০ নম্বরের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। | ১) গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর,, টাঙ্গাইল, জামালপুর, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, নোয়াখালী, বগুড়া,রংপুর, যশোর, ঝিনাইদহ, বরিশাল এবং ভোলা জেলা;<br>**২)** তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০৫. | অফিস সহায়ক | গ্রেড-২০ টাকা ৮,২৫০-২০,০১০/- | ০৫ (পাঁচ) টি (রাজস্বখাতে অস্থায়ী) | | |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে :**

০১। ০৫ মে, ২০২৪ তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যা (নাতি-নাতনি)-এর ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।বিভাগীয় প্রার্থীদের বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য, বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত ২০২০) অনুযায়ী নিয়োগপ্রাপ্ত বা নিয়োজিত কর্মচারীগণ বিভাগীয় প্রার্থী হিসেবে গণ্য হবেন।

০২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ০২ নং ক্রমিকের শূন্য পদ পূরণে "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এবং ক্রমিক- ০১, ০৩, ০৪ এবং ০৫ নং-এর শূন্য পদ পূরণে "বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভুত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত ২০২০)" অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান/ আদেশ/ নিয়মাবলী এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিতে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৩। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

০৪। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৫। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধিমালা অনুসারে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

০৬। চাকরির জন্য আবেদন আগামী ২৩.০৪.২০২৪ তারিখ সকাল ১০.০০ টা হতে ০৭.০৫.২০২৪ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ ডাকযোগে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদনপত্র বাতিল মর্মে গণ্য হবে।

০৭। লিখিত/ ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি প্রদর্শনপূর্বক অতিরিক্ত ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিলযোগ্য কাগজ পত্রের তালিকা নিম্নরূপ:

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ;

খ) লিখিত পরীক্ষার প্রবেশ পত্রের কপি ;

গ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ;

ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি ;

ঙ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র;

চ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

ছ) জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি ;

জ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সিল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র ;

ঝ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি ;

ঞ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র ;

ট) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি।

**চলমান পাতা-৩**

০৮। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/ পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে।

০৯। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল বিধি-বিধান এবং পরবর্তীতে এতদ্‌সংক্রান্ত বিধি-বিধান কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১০। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১১। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/ নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কোন প্রার্থী তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। এ নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moysports.gov.bd) এবং http://moys.teletalk.com.bd এই ওয়েবসাইটে পাওয়া যাবে। লিখিত/ ব্যবহারিক/ মৌখিক পরীক্ষার সময়সূচি এবং ফলাফল এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moysports.gov.bd) প্রকাশ করা হবে এবং লিখিত পরীক্ষার সময়সূচি প্রার্থীর আবেদনে উল্লিখিত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমেও জানানো হবে।

১৪। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা (টিএ/ ডিএ) প্রদান করা হবে না।

১৫। আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/ পরিবর্তন/ পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

১৭। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/ শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://moys.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। **আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৩.০৪.২০২৪ তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৭.০৫.২০২৪ তারিখ রাত ১২.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১, ২ ও ৩ ক্রমিক নম্বরের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩ (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা এবং ৪ ও ৫ ক্রমিক নম্বরের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২ (একশত বার) টাকা Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS**:: MOYS <space> **User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MOYS **ABCDEF & Send to 16222.**

**Reply:** Applicant's Name, Tk. 223/112 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type MOYS <space> Yes <space> PIN and send to 16222.

**দ্বিতীয় SMS**:: MOYS <space> **YES** <space> **PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MOYS **YES 12345678**

**চলমান পাতা-০৪**

**Reply**: Congratulations! Applicant's Name, payment completed successfully for MOYS Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://moys.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/ মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: MOYS <space> **Help** <space> **User** <space> **User ID** & Send to 16222.
Example: MOYS Help User ABCDEF

ii) PIN Number জানা থাকলে: MOYS <space> Help <space> PIN <space> PIN Number & Send to 16222.
Example: MOYS Help PIN 12345678.

| | |
|---|---|
| (ঝ) | বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moysports.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.moysports.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে। |

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা ds.admin@moysports.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: MOYS, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৮। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

২৮.০৪.২০২৪
মোঃ ফজলে এলাহী
উপসচিব
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটি
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।